তারিখ 23 AUG 199[illegible]
পৃষ্ঠা 7 কলাম 6

দৈনিক ইনকিলাব

48

এইচএসসি পরীক্ষার প্রথম দিন

# ৪০ জন শিক্ষকসহ আড়াই হাজার পরীক্ষার্থী বহিষ্কার

।। স্টাফ রিপোর্টার ।।

ব্যাপক নকল, বহিষ্কার ও গ্রেফতারের মধ্য দিয়ে গতকাল ঢাকা, যশোর ও রাজশাহী বোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষার বাংলা প্রথম ও দ্বিতীয় পত্র এবং কুমিল্লা বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষার ইংরেজী প্রথম ও দ্বিতীয় পত্রের পরীক্ষা অতিবাহিত হয়েছে।

পরীক্ষা চলাকালে ৪টি বোর্ডের ১৮১টি কেন্দ্র থেকে নকলের অভিযোগে প্রায় আড়াই হাজার পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

নকল সরবরাহের অভিযোগে ৪টি বোর্ডের বিভিন্ন কেন্দ্র থেকে ৪০ জন শিক্ষককে বহিষ্কার করা হয়। এছাড়া নকল সরবরাহ এবং অসদাচরণের দায়ে পুলিশ ১ জন ছাত্র, ৪ জন বহিরাগতকে গ্রেফতার করেছে।

পরীক্ষা চলাকালীন সময়ে শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রী প্রফেসর এ বিউ এম বদরুদ্দোজা চৌধুরী গতকাল ঢাকা মহানগরীর আটটি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় তিনি যে কোন প্রকার অসদুপায় অবলম্বনের অপচেষ্টা ও বিশৃংখলা কঠোর হস্তে দমনের নির্দেশ দেন।

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন